

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৫৫

১/ বিবিধ

আরবী

الرجل الصالح يأتي بالخبر الصالح، والرجل السوء يأتي بالخبر السوء
موضوع

أخرجه أبو نعيم في " الحلية " (3 / 95) ، وابن عساكر (13 / 185 / 2) من طريق محمد بن القاسم الطايكاني قال: حدثنا عمر في " الحلية " عمرو وهو خطأ، ابن هارون عن داود بن أبي هند عن سعيد بن المسيب عن أبي هريرة مرفوعا، وقال غريب لم نكتبه إلا من حديث محمد بن القاسم قلت: وهو وضاع، وشيخه عمر بن هارون كذاب وخفي هذا على السيوطي، فأورد الحديث في " الجامع الصغير " برواية أبي نعيم وابن عساكر عن أبي هريرة، ولم يتكلم شارحه على إسناده بشيء، غير أنه قال ورواه عنه الديلمي ثم وجدت له طريقا أخرى، رواه أبو بكر الأزدي في " حديثه " (5 / 1) عن يحيى بن عبدويه، حدثني أبو محمد بن سعيد بن المسيب - وأحسب اسمه عبد الملك - عن أبيه عن جده عن أبي هريرة به قلت: وهذا سند ضعيف جدا، علته ابن عبدويه، رماه ابن معين بالكذب، وأما أحمد فأثنى عليه وأبو محمد بن سعيد بن المسيب لم أعرفه، ولسعيد ابن يدعى محمد، فلعله هذا انقلب اسمه على ابن عبدويه فجعله كنيته، وحسب أن اسمه عبد الملك، ثم زاد في السند " عن جده " فجعله من سند المسيب عن أبي هريرة، والمسيب صحابي، ولا نعرف له رواية عن أبي هريرة وله شاهد لا يساوي فلسا، أخرجه أبو الشيخ في "

الأمثال " (66) من طريق داود ابن المحبر: حدثنا عنبة ابن عبد الرحمن القرشي عن
عبد عبد الله بن ربيعة عن أنس مرفوعا
قلت: وعنبة وداود وضاعان

বাংলা

৪৫৫। সৎ ব্যক্তি সুসংবাদ নিয়ে আসে আর মন্দ ব্যক্তি দুঃসংবাদ নিয়ে আসে।

হাদীসটি জাল।

এটি আবু নুয়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে (৩/৯০) এবং ইবনু আসাকির (১৩/১৮৫/২) মুহাম্মাদ ইবনুল কাসেম তাইকানী সূত্রে উমর ইবনু হারুণ ... হতে বর্ণনা করেছেন। অতঃপর বলেছেনঃ হাদীসটি গারীব। আমরা এটি একমাত্র মুহাম্মাদ ইবনুল কাসেমের হাদীস হতে লিখেছি।

আমি (আলবানী) বলছিঃ তিনি জলকারী। তার শাইখ উমর ইবনু হারুণ মিথ্যুক। সুযুতীর নিকট এ তথ্য লুক্কায়িত ছিল, এজন্য “জামেউস সাগীর” গ্রন্থে আবু নুয়াইম এবং ইবনু আসাকিরের বর্ণনায় আবু হুরাইরাহ্ (রাঃ) হতে হাদীসটি উল্লেখ করেছেন। তার ভাষ্যকার মানবীও কোন কথা বলেননি। শুধু বলেছেনঃ তার থেকে দাইলামী বর্ণনা করেছেন। আমি হাদীসটির অন্য একটি সূত্র পেয়েছি। হাদীসটি আবু বাকর আযদী তার হাদীস গ্রন্থে (৫/১) ইয়াহইয়া ইবনু আব্দুবিয়া হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। কারণ ইবনু মা'ঈন তাকে মিথ্যার দোষে দোষী করেছেন। আর আহমাদ তার প্রশংসা করেছেন! আবু মুহাম্মাদ ইবনু সাঈদ ইবনিল মুসাইয়্যাবেকে আমি চিনি না। তার নাম আব্দুল মালেক।

হাদীসটির একটি শাহেদ এসেছে যেটির এক পয়সাও মূল্য নেই। আবুশ শাইখ "আল-আমসাল" গ্রন্থে (৬৬) দাউদ ইবনুল মুহাব্বার সূত্রে আম্বাসা ইবনু আবদির রহমান কুরাশী হতে উল্লেখ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ আম্বাসা এবং দাউদ উভয়েই জলকারী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68040>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন